অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/10/2023 **গভর্নর ক্যাথি হোকল**

কৃষকদেরকে অর্থনৈতিক সমৃদ্ধি প্রদান করতে এবং নিউ ইয়র্কের খাদ্য সরবরাহ চেইন শক্তিশালী করতে গভর্নর হোকলের উদ্যোগ গ্রহণের ঘোষণা

এই প্রস্তাব খাদ্য ব্যবস্থার স্থিতিশীলতা বৃদ্ধি করবে, খামারগুলোর আধুনিকায়নের জন্য বিনিয়োগকে উৎসাহিত করবে, এবং ভবিষ্যতের জন্য কৃষি খাতের কর্মীদের একটি পাইপলাইন গড়ে তুলবে

নিউ ইয়র্ক স্টেটের খাদ্যের চাহিদা বৃদ্ধি করার জন্য এবং খামারের পণ্যগুলো ক্রয় করা নাটকীয়ভাবে বৃদ্ধি করার জন্য গভর্নর নির্বাহী আদেশ জারি করবেন

স্কুলগুলোকে স্থানীয় খাবার প্রস্তুত করতে এবং নিজেদের প্রাঙ্গণে তৈরি করা তাজা, স্বাস্থ্যকর আহার পরিবেশন করতে সংস্থানসমূহ প্রদান করার জন্য কয়েক মিলিয়ন ডলারের অনুদান বরাদ্দকরণ কর্মসূচি চালু করার প্রস্তাব দিয়েছেন

গভর্নর ক্যাথি হোকল আজ কৃষকদেরকে একটি অর্থনৈতিক সমৃদ্ধি প্রদান করার জন্য এবং নিউ ইয়র্কের খাদ্য সরবরাহ চেইন শক্তিশালী করার জন্য 2023 সালের স্টেট অব দ্যা স্টেট ভাষণের অংশ হিসেবে কয়েকটি বৃহৎ প্রস্তাব ঘোষণা করেছেন। কোভিড-19 মহামারীর কারণে নিউ ইয়র্কের কৃষি শিল্প অনেকগুলো চ্যালেঞ্জের সম্মুখীন হয়েছে, যা স্থানীয় খাদ্য ব্যবস্থা জুড়ে বিদ্যমান ঝুঁকিগুলোকেও সামনে নিয়ে এসেছে। গভর্নর নিউ ইয়র্ক স্টেটের খাদ্যের চাহিদা বৃদ্ধি করা এবং স্থানীয় খামারের পণ্যগুলোর ক্রয় নাটকীয়ভাবে বৃদ্ধি করা, নিউ ইয়র্কের খামারগুলোর আধুনিকায়নের জন্য বিনিয়োগে উৎসাহিত করা, এবং ভবিষ্যতের জন্য কৃষি খাতের কর্মীদের একটি পাইপলাইন গড়ে তোলার পরিকল্পনা উন্মোচন করেছেন।

"নিউ ইয়র্কের কৃষি শিল্প আমাদের অর্থনীতি, আমাদের কমিউনিটিগুলো, এবং আমাদের জীবন যাত্রার পদ্ধতির একটি অপরিহার্য অংশ, এবং আমরা নিউ ইয়র্কের কৃষি কমিউনিটিকে সহায়তা করার জন্য সরকারের সর্বস্তর থেকে একটি কর্মপদ্ধতি গ্রহণ করছি," **বলেছেন গভর্নর হোকল।** "এসব উদ্যোগ কৃষি কমিউনিটিকে সমৃদ্ধ হয়ে উঠতে সাহায্য করার জন্য - নিউ ইয়র্কের খামারগুলোকে অর্থনৈতিক সমৃদ্ধি প্রদান করা এবং স্টেটের খাদ্য সরবরাহ চেইন নিরাপদ করার জন্য অতি গুরুত্বপূর্ণ পদক্ষেপসমূহ গ্রহণ করবে।"

<u>নিউ ইয়র্কের কৃষির চাহিদা বৃদ্ধি করার জন্য স্টেটের ক্রয় ক্ষমতাকে ব্যবহার করা</u>

2023 সালের স্টেট অব দ্যা স্টেট ভাষণের অংশ হিসেবে গভর্নর হোকল নিউ ইয়র্কের কৃষি পণ্যগুলোর চাহিদা বৃদ্ধি করার জন্য এবং নিউ ইয়র্কের স্টেট সংস্থাগুলোর ক্রয় করা খাদ্যের পরিমাণ উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি করার জন্য একটি নতুন উদ্যোগ চালু করার প্রস্তাব দিয়েছেন। স্টেটের খামার-থেকে-স্কুল (Farm-to-School) কর্মসূচি, এটির 30 শতাংশ নিউ ইয়র্কের স্কুলের খাদ্য উদ্যোগ, এবং নারিশ নিউ ইয়র্ক (Nourish New York) কর্মসূচি মতো ব্যাপকভাবে সফল কর্মসূচিগুলোকে বেঞ্চমার্ক হিসেবে ব্যবহার করে, গভর্নর স্টেট সংস্থাগুলোর স্থানীয় খাদ্য পণ্য ক্রয় করার পরিমাণ 30 শতাংশ বৃদ্ধি করার একটি সাহসী লক্ষ্য নির্ধারণ করেছেন। তিনি নিউ ইয়র্কের স্টেট সংস্থাগুলোকে এবং সংশ্লিষ্ট প্রাতিষ্ঠানিক স্বত্ত্বাগুলোকে 30 শতাংশ বৃদ্ধি করার লক্ষ্য নির্ধারণ করে, নিউ ইয়র্কের উৎপাদকদের কাছ থেকে তাদের সংগ্রহ করা খাদ্যের শতকরা পরিমাণ বৃদ্ধি করার জন্য একটি নির্বাহী আদেশ জারি করবেন। এটি যে শুধু কৃষকদেরকে নতুন বাজারের অ্যাক্সেস প্রদান করবে এবং নিউ ইয়র্কে খামারের উৎপাদন ও খাদ্য প্রক্রিয়াকরণের জন্য অর্থনৈতিক বিনিয়োগ অধিকতর উদ্দীপিত করবে তাই নয়, বরং এটি কৃষি কমিউনিটির জন্য একটি প্রত্যক্ষ অর্থনৈতিক সমৃদ্ধিও নিয়ে আসবে। বর্তমানে নিউ ইয়র্ক স্টেট নিউ ইয়র্কের খাদ্যের জন্য প্রায় 4 মিলিয়ন ডলার ব্যয় করে থাকে; এই প্রচেষ্টার মাধ্যমে, নিউ ইয়র্ক স্থানীয় উৎপাদনকারীদের কাছ থেকে প্রায় 400 মিলিয়ন ডলার মূল্যের খামারের পণ্য সংগ্রহ ও ক্রয় করবে। কাউন্টি ও মিউনিসিপ্যাল সরকারগুলো, এবং সেইসাথে স্থানীয় স্কুল ডিস্ট্রিক্টগুলোকে এই লক্ষ্য পূরণের জন্য উৎসাহিত করা হবে এবং প্রয়োজনীয় সরঞ্জাম সরবরাহ করা হবে।

সেইসাথে, K-12 স্কুলের শিশুদের জন্য আহার প্রস্তুত করার ক্ষেত্রে নিউ ইয়র্ক স্টেটের খামারগুলোর তাজা পণ্যগুলো ব্যবহার করার ব্যবস্থা করবে এমন কুকিং ফ্যাসিলিটিগুলোকে সহায়তা করার জন্য গভর্নর স্থানীয় স্কুল ডিস্ট্রিক্টগুলোকে পাঁচ বছর সময়ের মধ্যে 50 মিলিয়ন ডলার প্রদান করার প্রস্তাব দিয়েছেন। স্কুলের খাদ্য অবকাঠামো অনুদান কর্মসূচি (School Food Infrastructure Grant Program) স্কুলগুলোকে খামারের পণ্যগুলো সংগ্রহ, সংরক্ষণ, প্রক্রিয়া, এবং প্রস্তুত করার জন্য, এবং স্কুলের শিশুদের জন্য অন-সাইটে প্রস্তুত করা বাড়িতে তৈরি আহার রান্না করা সম্ভব করে তোলার জন্য প্রয়োজনীয় সংস্থানসমূহ প্রদান করবে।

<u>বিনিয়োগযোগ্য কর ক্রেডিটকে ফেরতযোগ্য করে তোলা</u>

গভর্নর হোকল কর ক্রেডিটকে পাঁচ বছরের জন্য ফেরতযোগ্য করে দেওয়ার মাধ্যমে তার সম্প্রতি গ্রহণ করা কৃষকদের জন্য 20 শতাংশ বিনিয়োগ কর ক্রেডিটকে এগিয়ে নেওয়ার প্রস্তাব দিয়েছেন। এই ফেরতযোগ্য কর ক্রেডিট খামারের মধ্যে উৎপাদনের জন্য বাড়তি বিনিয়োগের জন্য, যেমন সরঞ্জাম ক্রয়ের জন্য, যার মধ্যে নির্গমন কমিয়ে আনতে সক্ষম সর্বাধুনিক অ্যানেরোবিক বায়োডাইজেস্টারও অন্তর্ভুক্ত রয়েছে, একটি প্রণোদনা প্রদান করবে। মহামারীর কারণে সাপ্লাই চেইন বিঘ্নিত হওয়া, বাজারে অনিশ্চয়তা দেখা দেওয়া, এবং শ্রমিক খরচ বেড়ে যাওয়া সহ, নিউ ইয়র্কের খামারগুলোকে অনেকগুলো চ্যালেঞ্জের সম্মুখীন হতে হয়েছে এমন একটি সময় পার হয়ে আসার পরে, এই প্রস্তাব নিউ ইয়র্কের উৎপাদনকারীদেরকে নিজেদের খামারগুলো আধুনিকায়ন করতে এবং ভবিষ্যতে আরো ভালোভাবে প্রতিযোগিতা করতে সাহায্য করবে।

<u>খামার কর্মীদের একটি পাইপলাইন তৈরি করা</u>

শ্রম যে সাপ্লাই চেইনের একটি অতি গুরুত্বপূর্ণ উপাদান সে বিষয়টি উপলব্ধি করতে পেরে, গভর্নর বর্তমান কর্মচারী এবং ভবিষ্যত প্রজন্মদের জন্য প্রশিক্ষণ ও শিক্ষামূলক কর্মসূচিগুলো সহজলভ্য থাকার বিষয়টি নিশ্চিত করার মাধ্যমে কৃষি কর্মীদের একটি শক্তিশালী পাইপলাইন গড়ে তোলার এবং খাদ্য সরবরাহ খাতে কর্মী সংকট মোকাবেলা করার শপথ নিয়েছেন। গভর্নর নিউ ইয়র্ক স্টেটের কৃষি ও বাজার বিভাগ (Department of Agriculture and Markets, AGM)-কে তরুণ ব্যক্তিদের জন্য এবং হর্টিকালচার, ডেইরি ম্যানেজমেন্ট, শষ্য উৎপাদন, খাদ্য প্রস্তুতকরণ, খাদ্য বিতরণ, অন্যান্য সংশ্লিষ্ট শিল্পখাতে একটি দ্বিতীয় ক্যারিয়ার গঠনে আগ্রহী ব্যক্তিদের জন্য ইন্টার্নশিপ এবং শিক্ষানবিশ হিসেবে যোগ দেওয়ার সুযোগগুলো শনাক্ত করতে গুরুত্বপূর্ণ স্টেকহোল্ডারদের সঙ্গে কাজ করার জন্য প্রস্তাব করছেন। এছাড়াও শিক্ষার্থীদেরকে কর্মসংস্থানের জন্য কৃষি শিল্প খাতের আবশ্যিকতাগুলো পূরণ করতে সাহায্য করবে এমন অপরিহার্য কর্মসূচিগুলো অফার করা হচ্ছে তা নিশ্চিত করার জন্য AGM স্টেটজুড়ে শিক্ষা প্রতিষ্ঠানগুলোর সঙ্গে সহযোগী হয়ে কাজ করবে। সেইসাথে, নতুন কর্মীদের সঙ্গে সরাসরি শিল্পখাতের সুযোগ-সুবিধার সঙ্গে মিল করিয়ে দেওয়ার জন্য কর্মী উন্নয়ন সংস্থাগুলোর সঙ্গে সংযোগ রক্ষা করা হবে।

এছাড়াও এই উদ্যোগ অভিবাসী ব্যক্তি এবং আশ্রয় প্রার্থীদের সঙ্গে কৃষি ও খাদ্য শিল্পের কর্মসংস্থানের সংযোগ স্থাপনের প্রতি মনোযোগী হবে, যার মধ্যে আইনি পরিষেবাগুলোর জন্য তহবিল বৃদ্ধির প্রস্তাব করা অন্তর্ভুক্ত রয়েছে, যেটি এসব ব্যক্তিকে আইনসঙ্গত কর্মসংস্থানের অবস্থা অর্জন করতে সহায়তা করবে। এছাড়াও গভর্নর প্রস্তাব করছেন যে AGM যাতে অভিবাসী শ্রমিকদেরকে স্ক্রিনিং, ভাষা শিক্ষা, প্রাথমিক দক্ষতা উন্নয়ন, ও প্লেসমেন্ট-এর মতো কর্মসংস্থান পরিষেবাগুলোর ব্যাপারে সহায়তা করার জন্য কৃষি সংস্থাগুলোর সঙ্গে অংশীদার হয়ে কাজ করে।

<u>খাদ্য উৎপাদন বৃদ্ধি করা</u>
গভর্নর সাপ্লাই চেইনের মধ্যে তৈরি হওয়া শূন্যস্থান পূরণে সাহায্য করতে কৃষি প্রক্রিয়াকরণের সক্ষমতা বৃদ্ধি করার প্রয়োজনীয়তা স্বীকার করেছেন। তিনি এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (ESD) এবং AGM-কে নিউ ইয়র্কের খাদ্য উৎপাদন খাত যাতে বর্ধিত হওয়া এবং সম্প্রাসারিত হওয়া অব্যাহত থাকে সে বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশ প্রদান করবেন। ESD এবং AGM একটি আন্তঃসংস্থা টিম গঠন করবে যেটি প্রকল্প উন্নয়নের সময় প্রতিবন্ধকতা ও সমাধানগুলো শনাক্ত করা নিশ্চিত করার জন্য নতুন এবং সম্প্রসারণশীল খাদ্য প্রস্তুতকারকদের সঙ্গে কাজ করবে, বিদ্যমান প্রণোদনাসমূহ মূল্যায়ন করবে এবং স্টেটের খাদ্য প্রস্তুতকরণ খাতে আরো বেশি বিনিয়োগ বৃদ্ধি করার জন্য নতুন কর্মসূচিগুলোর জন্য সুপারিশ প্রদান করবে।

নিউ ইয়র্ক স্টেটের কৃষি কমিশনার রিচার্ড এ. বল বলেন, "খাদ্য ব্যবস্থার শূন্যস্থান পূরণের জন্য আমরা সত্যিকার অর্থেই দ্বিগুণ উদ্যমে কাজ করে যাচ্ছি, এবং এটি নিয়ে একসঙ্গে কাজ করতে গিয়ে এই শিল্পখাতে যে সহযোগিতার সম্পর্ক গড়ে উঠেছে তা নিয়ে আমি গর্বিত। এই নতুন বছরে, আমাদের সামনে নতুন সব সুযোগ-সুবিধা উপস্থিত হয়েছে এবং এই কাজকে সামনে এগিয়ে নেওয়ার জন্য, এবং সতিকারের প্রভাব বিস্তার করার মাধ্যমে, কৃষি কমিউনিটি থেকে শুরু করে ভোক্তা পর্যন্ত আমাদের খাদ্য ব্যবস্থাকে শক্তিশালী করে তুলবে এমন সাহসী উদ্যোগগুলো প্রস্তাব করার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

এছাড়াও গভর্নর 2023 সালের স্টেট অব দ্যা স্টেট ভাষণে কৃষি খাতকে প্রভাবিত করার মতো আরো বেশ কিছু কর্মসূচি প্রস্তাব করেছেন, যার মধ্যে নিউ ইয়র্কের কমিউনিটি গার্ডেনিং কর্মসূচি বর্ধিত করা এবং খামার বাজার, সুপারমার্কেট, ফুড কোঅপারেটিভ, এবং এধরনের অন্যান্য খুচরা খাবার বিক্রয়ের দোকান স্থাপনে সহায়তা করার জন্য, এবং সেইসাথে সুবিধাবঞ্চিত কমিউনিটি ও অঞ্চলগুলোতে অবকাঠামো নির্মাণে সহায়তা করার জন্য 10 মিলিয়ন ডলারের একটি অনুদান কর্মসূচি অন্তর্ভুক্ত রয়েছে। এই কর্মসূচি ঐতিহ্যগতভাবে সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে খাদ্যের অ্যাক্সেস উন্নত করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418